দৈনিক
ইত্তেফাক
তারিখ .... পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ......

# মঠবাড়িয়ায় ৬টি স্কুল কাম ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্র হস্তান্তর

■ মঠবাড়িয়া (পিরোজপুর) সংবাদদাতা

মঠবাড়িয়ায় ঘূর্ণিঝড় সিডরে ক্ষতিগ্রস্ত স্কুলের অবকাঠামো উন্নয়নে নির্মিত ছয়টি স্কুল কাম ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্র শুক্রবার নির্মাণ পরবর্তী আনুষ্ঠানিক হস্তান্তর করা হয়েছে।

জেদ্দাভিত্তিক ইসলামী ডেভেলপমেন্ট ব্যাংকের অধীনে সেবা প্রতিষ্ঠান ফায়েল খায়ের কর্মসূচির আওতায় উপজেলার ছয়টি ইউনিয়নের পাঁচটি মাধ্যমিক স্কুল ও একটি প্রাথমিক বিদ্যালয় কাম ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্র নির্মাণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষে ইসলামী ডেভেলপমেন্ট ব্যাংক (আইডিবি) কর্মসূচি সমন্বয়কারী ড. এমইচ সালেম, প্রকল্প কর্মকর্তা রিচার্ড লংফোর্ড আনুষ্ঠানিকভাবে এ অবকাঠামোর চাবি হস্তান্তর করে সমঝোতা চুক্তি স্বাক্ষর করেন। এ সময় প্রকৌশলী সুফী মোস্তাক আহম্মেদ, উপজেলা নির্বাহী কর্মকর্তা আহসান হাবিব, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মো. ফায়জুল ইসলাম, মাধ্যমিক শিক্ষা অফিসার মো. সেলিম মিয়া উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ২০০৭ সালের ১৫ নভেম্বর ঘূর্ণিঝড় সিডর পরবর্তী সৌদি আরবের এক অজ্ঞাত দানবীর বাংলাদেশে বিপুল পরিমাণ অর্থ সহায়তা দেন। ওই সহায়তায় এ ছয়টি অবকাঠামো নির্মাণ করা হয়। প্রায় ৩০ কোটি টাকা ব্যয়ে স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ এটি বাস্তবায়ন করে।